

স্মারক : নোবিপ্রবি/এজি/২০২৪/ ১৭৬

তারিখ : ৩০/১০/২০২৪ ইং

স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের অক্টোবর-মার্চ সেমিস্টার ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এগ্রিকালচার বিভাগে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অক্টোবর-মার্চ সেমিস্টারের স্নাতকোত্তর (মাস্টার্স)-এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থী অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী ৩১ অক্টোবর ২০২৪ তারিখ থেকে ১৪ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তি ফি জমা দিতে হবে।

ভর্তির বিষয়:

০১। জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং।

০২। প্লান্ট বায়োকেমিস্ট্রি।

ভর্তির যোগ্যতা:

০১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যেকোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সমমানের ডিগ্রীধারী হতে হবে।

০২। প্রার্থীর স্নাতক (সম্মান)/পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিল যোগ্য।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত এবং বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে।

০১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার গ্রেডশীট/ মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।

০২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।

০৩। ২(দুই) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।

০৪। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারিতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।

০৫। ভর্তি ফরম ফরমের রশিদ এর ফটোকপি।

০৬। ভর্তির আবেদন পত্রের সাথে চয়েস ফরম অবশ্যই দিতে হবে।

০৭। অন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের Appeared Certificate গ্রহণযোগ্য নহে।

০৮। কেবলমাত্র সুপারভাইজারের নামসহ স্বাক্ষর সম্বলিত আবেদন সমূহ বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের মাধ্যমে যথাযথ হওয়া সাপেক্ষে ভর্তির জন্য উপযুক্ত বলে বিবেচনা করা হবে।

০৯। ভর্তির পর শিক্ষার্থী চাকুরীরত হলে নিয়োগ কর্তার নিকট হতে প্রয়োজনীয় সময়ের জন্য শিক্ষাছুটির আদেশ বিভাগে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১০। আবেদনকারী ইতিপূর্বে কোন বিশ্ববিদ্যালয়ে/শিক্ষাপ্রতিষ্ঠানে মাস্টার্স ভর্তিকৃত নহে কিংবা মাস্টার্স অধ্যয়ন চলমান নহে তার লিখিত নিশ্চয়তা দিতে হবে।

১১। প্রাথমিক যাচাই-বাছাই এর পর নির্বাচিতদের ভর্তি প্রক্রিয়া চূড়ান্ত করণের লক্ষ্যে মৌখিক সাক্ষাৎকারে সশরীরে অংশগ্রহণ করতে হবে।

১২। ডাকযোগে পাঠানো আবেদন গ্রহণযোগ্য নহে।

বিঃ দ্রঃ- অসম্পূর্ণ ও মিথ্যা তথ্য প্রদান করলে আবেদনপত্র ও ভর্তি বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে, এবং বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক সকল সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ধন্যবাদান্তে



ড. মোঃ আতিকুর রহমান ভূঞা
চেয়ারম্যান ও আহবায়ক, ভর্তি কমিটি-(২০২৪-২৫)

এগ্রিকালচার বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

অনুলিপি :

১। ডীন, বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।

২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।

৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।

৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।

৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।

৭। বিভাগীয় নোটিশ বোর্ড।

৮। অফিস কপি।